

**এসএসসি পরীক্ষার্থীদের
কাছ থেকে বেশি ফি
নিলে ব্যবস্থা**

নিজস্ব বার্তা পরিবেশক

এসএসসি পরীক্ষায় ফরম পূরণে পরীক্ষার্থীদের কাছ থেকে বোর্ড নির্ধারিত ফি'র বাইরে অতিরিক্ত টাকা আদায় করলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। নির্দেশ যথাযথভাবে পালন করা হচ্ছে কিনা সে বিষয়ে শিক্ষা সচিব এবং শিক্ষা বোর্ডগুলোকে আগামী ৬ জানুয়ারির মধ্যে অগ্রগতি প্রতিবেদন বেশি : পৃষ্ঠা : ২ ক : ২

বেশি : ফি নিলে

(১৬ পৃষ্ঠার পর)

দেয়ারও নির্দেশ দেয়া হয়েছে আদেশে। গতকাল সোমবার বিচারপতি কাজী রেজা-উল হক ও আবু তাহের মো. সাইফুর রহমানের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ স্বতঃপ্রসঙ্গিতভাবে এ আদেশ দেন। এ নিয়ে একটি জাতীয় ইরেজি দৈনিক পত্রিকায় প্রকাশিত প্রতিবেদন আদালতের নজরে আনেন আইনজীবী মোজাম্মেল হোসেন। নির্ধারিত ফি'র বাইরে অতিরিক্ত টাকা আদায় করলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি বাতিল করার নির্দেশ দিয়ে আদালত আদেশে বলেছেন, এ বিষয়ে পরীক্ষার্থীরা বোর্ডের কাছে সরাসরি লিখিত অভিযোগ করতে পারবে। শিক্ষার্থীদের অভিযোগ আমলে নিয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে বোর্ডকে ব্যবস্থা নিতে হবে। এসএসসির ফরম পূরণে পরীক্ষার্থীদের কাছ থেকে বাড়তি টাকা আদায় নিয়ে গত ১৭ নভেম্বর একটি ইরেজি দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদের কথা উল্লেখ করে আদালত স্বতঃপ্রসঙ্গিত হয়ে এ আদেশ দেন।